গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০০১.২০২৫- ৬৫২

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২
৩০ মার্চ ২০২৬

বিষয়: "প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫" এর পরীক্ষার্থীর তথ্য (ডিআর) IPEMIS সফটওয়্যারে এন্ট্রি, যাচাই এবং অনুমোদন, পরীক্ষার কেন্দ্র নির্বাচনের সময় বৃদ্ধিকরণ ও পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষক এন্ট্রি এবং প্রবেশপত্র প্রিন্টের সময় পুন:নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫" এর পরীক্ষার্থীর তথ্য (ডিআর) IPEMIS সফটওয়্যারে এন্ট্রিকরণ (পরীক্ষার্থীর ছবি ও স্বাক্ষর আপলোডসহ), যাচাইকরণ, অনুমোদন এবং পরীক্ষার কেন্দ্র নির্বাচনের সময়সীমা শেষ হলেও কতিপয় বেসরকারি বিদ্যালয় নির্ধারিত সময়ের মধ্যে ডিআর দাখিল করতে পারে নি। এছাড়াও কতিপয় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তা অনুমোদন করা হয় নি।

২। ২৮ মার্চ ২০২৬ তারিখের মধ্যে কেন্দ্র নির্বাচনের নির্দেশনা প্রদান করা সত্ত্বেও ঢাকা বিভাগের ৪৯টি, খুলনা বিভাগের ১৯টি, চট্টগ্রাম বিভাগের ১৮টি, বরিশাল বিভাগের ৬টি ও সিলেট বিভাগের ৩টি উপজেলা থেকে কেন্দ্র নির্বাচন সম্পন্ন করা হয়নি।

৩। এমতাবস্থায়, প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫ সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে পরীক্ষার কেন্দ্র নির্বাচনের সময় বৃদ্ধিকরণ এবং পরীক্ষক, নিরীক্ষক, প্রধান পরীক্ষক এন্ট্রি ও প্রবেশপত্র প্রিন্টের সময় নিম্নরূপভাবে পুন:নির্ধারণ করা প্রয়োজন:

ক্রম	বিষয়/কার্যক্রম	সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
১	বিদ্যালয় হতে অনলাইনে IPEMIS-সিস্টেমে পরীক্ষার্থীর তথ্য (ডিআর) এন্ট্রি (পরীক্ষার্থীর ছবি ও স্বাক্ষর আপলোডসহ) সম্পন্নকরণ এবং সঠিকতা যাচাইপূর্বক এইউপিইও/এটিপিইও এবং ইউপিইও/টিপিইওগণের আইডিতে প্রেরণ ও অনুমোদন	৩১ মার্চ ২০২৬	সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইউএপিইও/টিএপিইও
২	পরীক্ষার কেন্দ্র নির্বাচন ও পুনর্বিন্যাসকরণ	০১ এপ্রিল ২০২৬	ইউএপিইও/টিএপিইও
৩	পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষক এন্ট্রি প্রদান	০২-০৩ এপ্রিল ২০২৬	ইউপিইও/টিপিইও
৪	পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষক ডিপিইও কর্তৃক অনুমোদন	০৪ এপ্রিল ২০২৬	ডিপিইও
৫	পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষক জেনারেট	০৫ এপ্রিল ২০২৬	আইএমডি
৫	রোল জেনারেট	০৬ এপ্রিল ২০২৬	আইএমডি
৬	প্রবেশপত্র প্রিন্ট	০৭ এপ্রিল ২০২৬	প্রধান শিক্ষক ইউপিইও/টিপিইও

০২। এমতাবস্থায়, প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫ সংক্রান্ত উল্লেখিত কার্যক্রমসমূহ বর্ণিত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই সময় বৃদ্ধি করা হবে না।

৩০/৩/২৬

মোঃ সাজ্জাদ হোসেন
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
উপজেলা/থানা.........................
জেলা: ....।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০০১.২০২৫- ৬৫২

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২
৩০ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (২৪/০৩/২০২৬ তারিখ হতে IPEMIS সফট্ওয়্যারে পরীক্ষার্থীর তথ্য (ডিআর) এন্ট্রি, কেন্দ্র নির্বাচন, পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষক অপশন উন্মুক্তকরণের অনুরোধসহ)
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন)।
৪. বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ময়মনসিংহ/রংপুর/সিলেট/বরিশাল বিভাগ।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ...জেলা।
৬. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অফিস কপি।